



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০০০৭.২০. ৫১৮

তারিখ: ২৩ ভাদ্র, ১৪২৭ বঙ্গাব্দ।
০৭ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: পটুয়াখালী জেলার গলাচিপা পৌরসভায় (ক-শ্রেণীর) কতিপয় শূন্য পদে কর্মচারী নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।


সূত্র: মেয়র, গলাচিপা পৌরসভা কার্যালয়ের স্মারক নং-১৬, তারিখ: ২৬/০৭/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে, কাজের গুরুত্ব বিবেচনায় পটুয়াখালী জেলার গলাচিপা পৌরসভায় নিম্নোক্ত ০৩ (তিন) ক্যাটাগড়ির ০৩(তিন)টি শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্রমিক	পদের নাম	পদ সংখ্যা
১.	নক্সাকার	০১ (এক) টি
২.	কার্য-সহকারী	০১ (এক) টি
৩.	অফিস সহায়ক	০১ (এক) টি
মোট =		০৩ (তিন) টি

শর্তাদি:

- পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর নিয়োগের বিধানসহ এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান এবং পৌরসভাসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে কর্মচারী নিয়োগ সংক্রান্ত স্থানীয় সরকার বিভাগের ২৪/০২/২০০৫ তারিখের পৌর-২/সাধা-১৫/২০০৪/১৮২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে না;
- একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় এবং একটি স্থানীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করত: নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
- ছাড়পত্র প্রদানের তারিখ হতে ০৬(ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগ-কে অবহিত করতে হবে; এবং
- কোন অবস্থাতেই ছাড়পত্রের অতিরিক্ত কোন কর্মচারী নিয়োগ প্রদান করা যাবে না বা সুপারিশ করা যাবে না।


(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র

গলাচিপা পৌরসভা, পটুয়াখালী।

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।